দৈনিক ইত্তেফাক

তারিখ FEB 27 1999
পৃঃ ৬ কলাম ৫

132

# তিনজন আদর্শ শিক্ষক পুরস্কৃত

চট্টগ্রাম অফিস ।। বাঁশখালী বৈলছড়ি নজমুন্নেছা উচ্চ বিদ্যালয়ের কম সিএল ভোগকারী ৩ জন আদর্শ শিক্ষককে সম্প্রতি পুরস্কৃত করা হইয়াছে। প্রথম পুরস্কার পাইয়াছেন মাত্র ১দিন সিএল ভোগকারী শিক্ষক আমির উদ্দিন চৌধুরী এবং যৌথভাবে দ্বিতীয় পুরস্কার পাইয়াছেন মাত্র ৩ দিন সিএল ভোগকারী শিক্ষক অনিল চক্রবর্তী ও মনোরঞ্জন দাশ। বিদ্যালয়ের প্রধান শিক্ষক গোলামুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এক অনাড়ম্বর অনুষ্ঠানে আদর্শ শিক্ষকগণকে পুরস্কার প্রদান করেন বিদ্যালয়ের পরিচালনা সংসদের সভাপতি আলহাজ্ব আহমদুল ইসলাম চৌধুরী। তিনি শিক্ষক সমাজকে মানুষ গড়ার কারিগর হিসাবে উল্লেখ করিয়া ছাত্র-ছাত্রীদেরকে সত্যিকার মানুষ হিসাবে গড়িয়া তোলার এবং বিদ্যালয়ের সুনাম সমুন্নত রাখার ব্যাপারে ঐকান্তিক প্রয়াস চালাইয়া যাওয়ার আহ্বান জানান। উল্লেখ্য, বছরের শেষদিকে বিদ্যালয়ে লেখাপড়ার অতি ব্যস্ত মৌসুমের অতীব প্রয়োজনীয় মুহূর্তে যাহাতে ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার কোনরূপ বিঘ্ন না ঘটে সেই লক্ষ্যে উক্ত বিদ্যালয়ে গত '৯৫ সাল হইতে এই নিয়ম চালু করা হয় যে, যে সব শিক্ষক বৎসরের শেষদিকে বাৎসরিক ২০ দিন সিএলএর জমিয়া থাকা বাকী দিনগুলিতে ছুটি ভোগ করিবেন না তাঁহাদেরকে উক্ত দিনসমূহের অতিরিক্ত বেতন প্রদান করা হইবে এবং সর্বনিম্ন সিএল ভোগকারী শিক্ষকদের মধ্যে ৩ জনকে ক্রমানুসারে আদর্শ শিক্ষকের পুরস্কারে ভূষিত করা হইবে।